

## মেনে চলুন, নিরাপদ থাকুন

### পরিবারের নিরাপত্তা



আপনার সন্তানের নিরাপত্তা নিয়ে চিন্তিত, কাজে মন দিতে পারছেন না? তাহলে আপনার সন্তানকেও নিরাপত্তার ব্যাপারে সচেতন হতে শিক্ষা দিন এবং নিচের বিষয় গুলো মেনে চলতে বলুন।

- ❖ বাইরে কোথাও গেলে একা একা চলাচল না করা
- ❖ চেনা রাস্তা ব্যবহার করা এবং অচেনা পথ পরিহার করে চলা
- ❖ স্কুলে কিংবা বাসার কাছে গাড়ি চলাচলের রাস্তা হতে নিরাপদ দূরত্বে খেলাধুলা করা
- ❖ অপরিচিতদের থেকে কোন খাদ্য বা অন্য কোন সামগ্রী গ্রহণ না করা কিংবা আলাপ জুড়ে না দেয়া
- ❖ অস্বাভাবিক কিছু ঘটলে বা অনুমান করলে তা তাৎক্ষনিক বড়দের জানানো
- ❖ বাইরে গেলে কোথায় এবং কার সাথে যাচ্ছে তা জানিয়ে যাওয়া
- ❖ অপরিচিতদের সাথে ফোনে কথা না বলা এবং বাসার কারো কোন তথ্য না দেয়া
- ❖ ছেট বাচ্চা বাসায় পরিচারিকার তত্ত্বাবধানে রাখতে হলে তার সম্পর্কে সম্পূর্ণ জেনেই রাখা
- ❖ অপরিচিত আগন্তুকের ক্ষেত্রে বাসার দরজা শিশুদের দিয়ে না খোলানো

### বাসার নিরাপত্তার জন্য কিছু টুকিটাকি-

- ❖ বাসার চাবির ছড়ায় আপনার নাম বা চিহ্ন না রাখাই শ্রেয়, তাতে অন্যের পক্ষে সহজেই তা ব্যবহার করা সম্ভব হবে না
- ❖ বাসার মূল দরজা অপ্রয়োজনে খোলা রাখবেন না
- ❖ রাতে ঘুমের আগে দরজা, খাটের নিচ, স্টোর রুম এবং আনাচে-কানাচে দেখে নিন
- ❖ বাসায় চোরের উপস্থিতি টের পেলে নিজেকে সুরক্ষিত রেখেই চিংকার দিয়ে অন্যদের সাহায্য চান
- ❖ বাসায় প্রাথমিক চিকিৎসা সামগ্রী, টর্চ লাইট, আগুন নেভানোর জন্য বালতিসহ পানি মজুত রাখুন

**নিরাপত্তা বুঁকি ব্যবস্থাপনা, প্রশাসন বিভাগ, ব্র্যাক**